# নবাগতদের জন্য নির্দেশিকা: সংস্কৃতি-নির্দিষ্ট সংস্থা, আইনি এবং কর্মসংস্থান বিষয়ক তথ্যাবলী

ইমেইল: resourcecentre@hollandbloorview.ca

## সাংস্কৃতিকভাবে নির্দিষ্ট সংস্থা এবং সম্পদ

| নাম | বর্ণনা |
|---|---|
| স্মাইল কানাডা সাপোর্ট সার্ভিসেস | SMILEকানাডা- সাপোর্ট সার্ভিসেস একটি দাতব্য সংস্থা যা বর্ণবৈষম্যের শিকার ও মুসলিম প্রতিবন্ধী শিশু, তরুণদের এবং তাদের পরিবারকে সহায়তা করার জন্য নিবেদিত। এর কার্যক্রমের মধ্যে রয়েছে পরিষেবা প্রাপ্তিতে দিকনির্দেশনা, আর্থিক সহায়তা, অভিভাবক সহায়তা দল, SMILEক্যাম্প এবং আরও অনেক কিছু |
| সাউথ এশিয়ান অটিজম এ্যাওয়ারনেস সেন্টার(SAAAC) | GTA-এর কার্যক্রমের মধ্যে রয়েছে এবিএ থেরাপি, -বাকশক্তি-ভাষাগতথেরাপি, SAACক্যাম্প এবং আরও অনেক কিছু। অনুগ্রহ করে মনে রাখবেন যে, এই পরিষেবাগুলো সকলের জন্য উন্মুক্ত, শুধু দক্ষিণ এশীয় বংশোদ্ভূতদের জন্য নয়। |
| ক্যারিবিয়ান আফ্রিকান কানাডিয়ান সোশ্যাল সার্ভিসেস (CAFCAN) | এই সংস্থাটি শিশু, তরুণ ও পরিবার বিষয়ক কর্মসূচি, কর্মসংস্থান ও পুনর্বাসন পরিষেবা এবং বিনামূল্যে মানসিক স্বাস্থ্য পরামর্শ প্রদান করে। |
| হং ফুক মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন | হং ফুক মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন হলো বৃহত্তর টরন্টো এলাকায় এশীয় এবং অন্যান্য সম্প্রদায়ের সেবা প্রদানকারী একটি শীর্ষস্থানীয় জাতিগত-সাংস্কৃতিক কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য সংস্থা, যার একটি সমন্বিত ও সংস্কৃতি-সচেতন দল রয়েছে। |

| | |
|---|---|
| সাওউবোনা আফ্রিকাসেন্ট্রিক সার্কেল অফ সাপোর্ট | সাওবোনা আফ্রিকাসেন্ট্রিক সার্কেল অফ সাপোর্ট-এর লক্ষ্য হলো প্রতিবন্ধী ব্যক্তিদের কৃষ্ণাঙ্গ পরিচর্যাকারী এবং তাদের পরিবারকে নিজেদের কণ্ঠস্বর ব্যবহার করতে ও পরিবর্তন আনতে ক্ষমতায়ন করা। তারা একটি ভার্চুয়াল অভিভাবক সহায়তা দলও প্রদান করে। |
| আওয়ার কিডস হেলথ | আওয়ার কিডস হেলথ-এ পারিবারিক জীবন, বিকাশ ও আচরণ এবং মানসিক স্বাস্থ্যের মতো বিষয়গুলিতে ভাষাগত ও সংস্কৃতি-নির্দিষ্ট তথ্য রয়েছে। |
| স্পিরিট অফ লাইফ | স্পিরিট অফ লাইফ সেইসব ম্যান্ডারিন ও ক্যান্টনিজ পরিবারদের OAP, ODSP, SSAH, এবং ACSD আবেদনপত্র পূরণে সহায়তা করে, যারা ইংরেজি বলতে পারেন না। অন্যান্য পরিষেবার মধ্যে রয়েছে নিয়মিত সামাজিক কার্যক্রম। |

**সাধারণ আইনি তথ্যাবলি**

| নাম | বর্ণনা |
|---|---|
| আর্চ ডিসেবিলিটি ল সেন্টার | আর্চ ডিসেবিলিটি ল সেন্টার হলো একটি বিশেষায়িত আইনি ক্লিনিক যা শুধুমাত্র প্রতিবন্ধী অধিকার আইন নিয়ে কাজ করে। তারা মানবাধিকার, প্রতিবন্ধীবান্ধব সুবিধা এবং সরকারি সুবিধার মতো বিষয়গুলিতেও তথ্যাবলি এবং কর্মশালার আয়োজন করে থাকে। |
| P4P প্ল্যানিং নেটওয়ার্ক | P4P প্রদেশব্যাপী একটি অনলাইন পেশাদার পরিষেবা নির্দেশিকা তৈরি করেছে। এটি প্রতিবন্ধিতা-সম্পর্কিত বিষয়ে জ্ঞানসম্পন্ন আইনি, আর্থিক, হিসাবরক্ষণ এবং স্বাধীন সহায়তা পরিষেবাগুলোর একটি পারস্পরিক অংশগ্রহণমূলক তালিকা। |
| প্রো বোনো অন্টারিও | প্রো বোনো অন্টারিও একটি অলাভজনক সংস্থা, যা অন্টারিওবাসীদের দৈনন্দিন দেওয়ানি আইনি প্রয়োজনে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। যদি আপনার আইনজীবী নিয়োগের সামর্থ্য না থাকে, তবে ৩০ মিনিট পর্যন্ত বিনামূল্যে আইনি পরামর্শের জন্য ফ্রি লিগ্যাল অ্যাডভাইস হটলাইনে ফোন করুন (পারিবারিক আইন, অভিবাসন বা ফৌজদারি আইন ব্যতীত)। |

| | |
|---|---|
| লিগ্যাল এইড অন্টারিও | আপনি যোগ্য হলে এবং আপনার এমন কোনো আইনি সমস্যা থাকলে যা তাদের আওতাভুক্ত, লিগ্যাল এইড অন্টারিও আপনাকে সাহায্য করার জন্য একজন আইনজীবীর খরচ বহন করবে। আইনি সমস্যাগুলোর মধ্যে ফৌজদারি, পারিবারিকসহিংসতা, পারিবারিক আইনি সমস্যা, শরণার্থী ও অভিবাসন সংক্রান্ত আইনি সমস্যা এবং আরও অনেক কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে।<br>দোভাষী পরিষেবা প্রদান করুন। |
| জাস্টিসনেট | জাস্টিসনেট একটি অলাভজনক পরিষেবা, যা এমন মানুষদের আইনি দক্ষতার প্রয়োজনে সহায়তা করে, যাদের আয় আইনি সহায়তা পাওয়ার জন্য খুব বেশি এবং সাধারণ আইনি ফি বহন করার জন্য খুব কম। এটি আইনজীবী, মধ্যস্থতাকারী এবং প্যারালিগ্যালদের একটি নির্দেশিকা, যারা স্বল্পমূল্যে বিভিন্ন পরিষেবা প্রদান করেন। |

**সাংস্কৃতিকভাবে নির্দিষ্ট এবং/অথবা ভাষা-নির্দিষ্ট আইনি তথ্যাবলি**

| **নাম** | **বর্ণনা** |
|---|---|
| প্রো বোনো অন্টারিও কানাডিয়ান লিগ্যাল সাপোর্ট ফর ইউক্রেনিয়ানস | এই পেজে রুশ আগ্রাসনের দ্বারা প্রভাবিত হয়ে কানাডায় আগত ইউক্রেনীয়দের  প্রায়শই জিজ্ঞাসিত কিছু আইনি প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এতে শুধুমাত্র তথ্য রয়েছে এবং এটি কোনো আইনি পরামর্শ নয়। |
| সাউথ এশিয়ান লিগাল ক্লিনিক অফ অন্টারিও (SALCO) | SALCOহলো অন্টারিওতে বসবাসকারী স্বল্প আয়ের দক্ষিণ এশীয় মানুষদের সহায়তা প্রদানকারী একটি আইনি সহায়তা কেন্দ্র। তারা অভিবাসন, আবাসন, কর্মসংস্থান এবং অন্যান্য ক্ষেত্রে পরিষেবা দিয়ে থাকে। |
| ব্ল্যাক লিগ্যাল অ্যাকশন সেন্টার(ব্ল্যাক) | BLACশিক্ষা, কর্মসংস্থান, আবাসন, মানবাধিকার, সরকারি সহায়তা এবং অন্যান্য বিষয় সম্পর্কিত বিভিন্ন আইনি পরিষেবা প্রদান করে। |

| | |
|---|---|
| সেন্টারে ফর স্প্যানিশ-স্পিকিং | সেন্টার ফর স্প্যানিশ-স্পিকিং পিপলস-এর একটি আইনি পরামর্শ কেন্দ্র, যা অন্টারিওতে বসবাসকারী স্প্যানিশ-ভাষী কমিউনিটির সদস্যদের সেবা প্রদান করে। তারা কানাডায় অভিবাসন অবস্থা নির্বিশেষে স্বল্প আয়ের মানুষদের জন্য ন্যায়বিচার পাওয়ার সুযোগ করে দেয়।<br>। |

| | |
|---|---|
| সেন্টার ফ্রাঙ্কোফোন | সেন্টার ফ্রাঙ্কোফোন লিগ্যাল এইড সার্ভিসেস স্বল্প আয়ের মানুষদের বিনামূল্যে তাদের প্রয়োজন অনুযায়ী আইনি পরিষেবা পাওয়ার সুযোগ করে দেয়। আরও জানতে আমাদের বিশেষায়িত বিভাগগুলো দেখুন। |
| চাইনিজ এন্ড সাউথ-ইস্ট এশিয়ান ক্লিনিক (CSALC) | CSALC হলো একটি কমিউনিটি-ভিত্তিক আইনি পরামর্শ সেবা, যা অন্টারিওতে বসবাসকারী চীনা, ভিয়েতনামী, লাওশিয়ান এবং কম্বোডিয়ান সম্প্রদায়ের স্বল্প আয়ের ও ইংরেজি-ভাষী নয় এমন গ্রাহকদের বিনামূল্যে আইনি পরিষেবা প্রদান করে। |

**বিশেষ শিক্ষা সংক্রান্ত বিষয়ে আইনি সহায়তা**

| **নাম** | **বর্ণনা** |
|---|---|
| জাস্টিস ফর চিলড্রেন এন্ড ইয়ুথ (JFCY) | JFCY টরন্টোতে শিশু ও তরুণদের বিশেষ আইনি প্রতিনিধিত্ব প্রদান করে। এটি একটি অলাভজনক আইনি সহায়তা কেন্দ্র, যা আইন ব্যবস্থা, শিক্ষা, সমাজসেবা বা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যায় জড়িত ব্যক্তিদের অধিকার রক্ষায় বিশেষায়িত |
| প্রো বোনো অন্টারিও এডুকেশন ল প্রজেক্ট | শিক্ষা আইন কর্মসূচি হলো প্রো বোনো অন্টারিওর একটি বিনামূল্যের আইনি পরিষেবা, যা সেইসব নিম্ন ও মধ্যম আয়ের পরিবারকে প্রদান করা হয়, যাদের সন্তানরা বিদ্যালয়ে তাদের অধিকার নিয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। |

**কর্মসংস্থান সহায়ক সেবা**

| **নাম** | **বর্ণনা** |
|---|---|

| | |
|---|---|
| JVS টরন্টো | জেভিএস টরন্টো কানাডায় আগত নবাগতদের জন্য বিশেষায়িত কর্মসংস্থান, প্রশিক্ষণ এবং চাকরি খোঁজার সহায়তা প্রদান করে। তারা নবাগতদের উন্নত ভাষা, কর্মসংস্থান, চাকরি খোঁজার সহায়তার এবং প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে জিটিএ-তে চাকরি খুঁজে পেতে সাহায্য করে। |

| | |
|---|---|
| নবাগত চাকরিপ্রার্থীরা | টরন্টো সরকারের কাছে কর্মসংস্থান-সম্পর্কিত পরিষেবা এবং সহায়তার তথ্য রয়েছে, যা কাজ খুঁজছেন এমন নবাগতদের জন্য উপলব্ধ। |
| ACHEV | ACHEV নবাগতদের কানাডায় সহজভাবে স্থায়ী হতে সাহায্য করার জন্য শিক্ষা ও প্রশিক্ষণ, অভিবাসন, কর্মসংস্থান, স্বাস্থ্য, আবাসন, আইনি, আর্থিক, সামাজিক এবং বিনোদনমূলকসহ বিভিন্ন ধরনের অভিবাসী পরিষেবা প্রদান করে। |
| নিউকামার ওমেন সার্ভিসেস টরন্টো | NEW নবাগত নারী ও তাদের পরিবারকে সামাজিক ও অর্থনৈতিক সুযোগের সাথে যুক্ত করে এবং আপনত্বের অনুভূতি জাগিয়ে তোলার মাধ্যমে কানাডায় একটি জীবন গড়তে তাদের ক্ষমতায়ন করে। |
| পলিকালচারাল | পলিকালচারাল একটি অলাভজনক, কমিউনিটি-ভিত্তিক দাতব্য সংস্থা যা ব্যক্তি ও কমিউনিটিকে কানাডীয় সমাজের উৎপাদনশীল সদস্য হতে সাহায্য করার জন্য নিবেদিত। এর কিছু পরিষেবার মধ্যে রয়েছে কর্মসংস্থান, ভাষা, পুনর্বাসন, শরণার্থী এবং আরও অনেক কিছু। |
| ACSA কমিউনিটি সার্ভিসেস | কর্মসূচিগুলোর মধ্যে রয়েছে নবাগতদের সহায়তা, শিশু, যুব ও পরিবার সহায়তা, আবাসন প্রাপ্তি ও গৃহহীনতা প্রতিরোধ, এবং জরুরি খাদ্য সহায়তা। |

আপনার পরিবারের নতুনদের জন্য অতিরিক্ত বা আইনি সহায়তা (যেমন বিনোদন এবং স্কুল-ভিত্তিক তথ্য) খুঁজে পেতে আরও সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে আমাদের পরিবার সহায়তা বিশেষজ্ঞদের সাথে resourcecentre@hollandbloorview.ca-তে অথবা আমাদের প্রো বোনো ট্রায়েজ আইনজীবীর সাথে rmasemann@hollandbloorview.ca-তে যোগাযোগ করুন।